

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
E-mail: drugad2017@gmail.com

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০৮১.১৪- ৩৯

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৫
১০ মার্চ ২০১৯

বিষয়ঃ ঔষধ প্রশাসন অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও মুদ্রণ।


- সূত্রঃ ১। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের স্মারক নং ০৫.০৪.০০০০.০১৩.৪১.০১৮.১৮-৪৬২ তারিখ: ২৪/০২/২০১৯ খ্রি:।
২। ঔষধ প্রশাসন অধিদপ্তরের স্মারক নং ৪৫.০৪.০০০০.০০৯.৯৯.০০২.১৭.২৪৪৯৯, তারিখ: ১২/১১/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২.১২.২০১৮ খ্রিঃ তারিখে ২৬৮ নং স্মারক মোতাবেক “ঔষধ প্রশাসন অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন” ১০০০ কপি মুদ্রণের জন্য বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর বরাবর অনুরোধ করা হয়েছিল (কপি সংযুক্ত)।

এ বিভাগ কর্তৃক প্রেরিত “ঔষধ প্রশাসন অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন” মুদ্রণ কাজের প্রয়োজনীয় প্রযুক্তিগত যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি না থাকায় মুদ্রণ করা সম্ভব হবে না মর্মে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় মুদ্রণের জন্য বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর অনাপত্তি পত্র প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন ঔষধ প্রশাসন অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক নিজস্ব ব্যবস্থাপনায় মুদ্রণ ও প্রকাশনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।


(আবদুল ওহাব খান)
যুগ্মসচিব
ফোন- ৯৫৪৫৪৬২

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
মহাখালী, ঢাকা (প্রতিবেদনটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিবেদনটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৫. উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।